সমকাল

তারিখ 27 OCT 2016
পৃষ্ঠা ৪ কলাম ১

# ভর্তি পরীক্ষার উদ্দেশ্য পাস-ফেল নয়, বাছাই

## —শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

ফুটপাত থেকে অখ্যাত লেখকদের বই কিনে তা থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ভর্তি পরীক্ষায় প্রশ্ন করা হয় বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, ভর্তি পরীক্ষা পাস-ফেল নয়, বরং বাছাইয়ের উদ্দেশ্যে নেওয়া হয় বলেই এমন প্রশ্ন করা হয়। সচিবালয়ে গতকাল বুধবার জেএসসি-জেডিসি পরীক্ষার প্রস্তুতি সভায় শিক্ষামন্ত্রী এ কথা বলেন।

বিশ্ববিদ্যালয়ে বিশেষ করে ঢাবির ভর্তি পরীক্ষায় বেশিরভাগ শিক্ষার্থী অকৃতকার্য হচ্ছে। এতে শিক্ষার মান নিয়ে প্রশ্ন উঠেছে- এ বিষয়ে সাংবাদিকরা দৃষ্টি আকর্ষণ করলে শিক্ষামন্ত্রী বলেন, ঢাবির একটি আসনের বিপরীতে ৪০ জন আবেদন করেছে। এক ঘণ্টায় তারা একটা বাছাই করছেন- কী করে ৩৯ জনকে বাদ দেওয়া যায়। এটা পাস-ফেলের প্রশ্ন নয়, এটা বাছাইয়ের প্রশ্ন।

ফেল করাদের ঢাবি পরে ভর্তি করে, এক বছর পরই এই শিক্ষার্থীরা ফার্স্ট ক্লাস মার্কস পায় মন্তব্য করে শিক্ষামন্ত্রী বলেন, 'এটা কী করে সম্ভব? এটা আমাদের ছেলেমেয়েদের হতাশ করে। ভুল মেসেজ চলে যায় সবার কাছে। আন্তর্জাতিকভাবেও আমরা হেয়প্রতিপন্ন হচ্ছি। আমাদের পরীক্ষার ওপর অন্যদের আস্থা কমে যাবে।'

সভায় শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইনসহ বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তরের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।